68

দৈনিক ইত্তেফাক

তারিখ ...2 7. JUN. 1996
পৃষ্ঠা ৭ কলাম ১

# ভিসি'র পদত্যাগ দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। গতকাল (বুধবার) সিনেট অধিবেশন হইতে ওয়াক আউট করিয়া রেজিস্ট্রার বিল্ডিংয়ে এক প্রেস ব্রিফিং-এ সিনেটের আওয়ামী লীগ সমর্থক 'নীল' দলের সদস্যরা অবিলম্বে ভিসির

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভিসির

( ১ম পৃঃ পর )

পদত্যাগ এবং তাহার দুর্নীতির বিষয়ে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের জন্য সরকারের নিকট দাবী জানাইয়াছেন। ব্রিফিংকালে সিনেটর এ্যাডভোকেট সৈয়দ আহমদ দুর্নীতি ও স্বজনপ্রীতির জন্য ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদকে দায়ী করিয়া বলেন, তত্ত্বাবধায়ক সরকারের নিকট আমরা তদন্ত কমিটি গঠনের দাবী করিয়াছিলাম। কিন্তু সরকার কমিটি করেন নাই। ভিসি অগণতান্ত্রিক ও স্বৈরাচারী আচরণ করিতেছেন। অতীতে আমরা তলবী সভার মাধ্যমে দুর্নীতির ব্যাপারে তদন্ত কমিটি গঠনের ব্যাপারে দাবী জানাইয়াছি। কিন্তু ভিসি কর্ণপাত করেন নাই। ভিসির আর এই মহৎ প্রতিষ্ঠানের সর্বোচ্চ পদে অধিষ্ঠিত থাকিবার অধিকার নাই।